আহলুস সুন্নাহ ওয়াল জামা‘আতের আক্বীদার

مجمل أصول

সংক্ষিপ্ত মূলনীতি

د. ناصر بن عبدالكريم العقل

ড. নাছের ইবনে আব্দুল করীম আল-আক্বল

ترجمة: أبو سلمان محمد مطيع الإسلام بن علي أحمد

অনুবাদঃ আবু সালমান মুহাম্মাদ মুতিউল ইসলাম ইবন আলী আহমাদ

مراجعة: د/ أبو بكر محمد زكريا

সম্পাদনাঃ ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

الناشر: مكتبة السنة

প্রকাশনায় : মাকতাবাতুস সুন্নাহ

الناشر: مكتبة السنة

كاتاخالي، راجشاهي، بنغلاديش.

Mobile : +8801912-005121

প্রকাশনায়

মাকতাবাতুস সুন্নাহ

কাটাখালী (দেওয়ানপাড়া মাদরাসা মোড়), রাজশাহী।

মোবাইল: ০১৯১২-০০৫১২১

প্রথম প্রকাশ : জানুয়ারী ২০১৬ ঈসায়ী

দ্বিতীয় প্রকাশ: জুন ২০১৭ ঈসায়ী

বিনিময় মূল্য: ২০ টাকা।

সূচীপত্র

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
১.	আক্বীদার অর্থ	৫
২.	পূর্বসূরী বা সালফে সালেহীন	৫
৩.	আহলুস সুন্নাহ ওয়াল জামা‘আত	৫
৪.	ইসলামী জ্ঞান অন্বেষণের মূল উৎস এবং উহার প্রমাণপঞ্জি উপস্থাপনের পদ্ধতি	৭
৫.	জ্ঞান ও বিশ্বাস বিষয়ক তাওহীদ	১০
৬.	ইচ্ছা বা চাওয়ার ক্ষেত্রে তাওহীদ/ তাওহীদুল উলুহিয়্যা	১৪
৭.	উসিলা অবলম্বনের পর্যায় তিনটি	১৭
৮.	আল ঈমান	২০
৯.	আল-কুরআন আল্লাহর বাণী	২২
১০.	আত্ তাকদীর	২৩
১১.	আল জামা‘আত ও আল ইমামত	২৫
১২.	আহলে সুন্নাহ ওয়াল জামা‘আতের প্রধান প্রধান বৈশিষ্ট্য ও উহার পরিচয়	২৯

ভূমিকা

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য। আমরা তারই প্রশংসা করি, তারই কাছে সাহায্য চাই, আর তারই নিকট ক্ষমা প্রার্থনা করি। আমাদিগকে সমস্ত বিপর্যয় ও কুকীর্তি হতে রক্ষার জন্য তারই সাহায্য প্রার্থনা করি। আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা যাকে হেদায়াত দান করেন তার কোন পথভ্রষ্টকারী নেই। আর যাকে পথভ্রষ্ট করেন তার কোন পথপ্রদর্শনকারী নেই।

আমি সাক্ষ্য প্রদান করছি যে, আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা ছাড়া প্রকৃত কোন ইলাহ নেই। তিনি এক ও অদ্বিতীয়। তার কোন শরীক নেই এবং মুহাম্মাদ ছল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর রসূল।

এই বইটি আহলুস সুন্নাহ ওয়াল জামা 'আতের একটি সংক্ষিপ্ত পরিচয়। বইটিতে আমাদের পূর্বসূরী সাহাবায়ে কেরাম ও তাবেয়ীনদের আকীদা বিশ্বাস ও এর প্রকৃত অবস্থা সুস্পষ্ট ও সহজ ভাষায় সন্নিবেশিত হয়েছে।

গুরুত্ব যাচাইয়ের জন্য নিম্নবর্ণিত ওলামা ও মাশায়েখগণের সমীপে আমি বইটি উপস্থাপন করি।

১. আশ্‌শায়েখ আব্দুর রহমান ইবন নাছের আল বাররাক

২. আশ্‌শায়েখ আব্দুল্লাহ ইবন মুহাম্মাদ আল গুনাইমান

৩. ড: হামযা ইবন হুসাইন আল ফেয়ের

৪. ড: সফর ইবন আব্দুর রহমান আল হাওয়ালী

বইটি পড়ে তারা অত্যন্ত সহৃদয়তার সাথে তাদের মতামত পেশ করেন এবং বিভিন্ন বিষয়ের উপর টীকা সংযোজন করেন।

পরিশেষে আল্লাহর নিকট কামনা করি তিনি যেন এ ক্ষুদ্র প্রচেষ্টাকে একান্ত তার সন্তুষ্টির জন্য কবুল করেন। দরুদ ও সালাম বর্ষিত হোক নাবী মুহাম্মাদ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তার সাহাবা ও পরিবার-পরিজনের উপর।

ড. নাসের ইবন আব্দুল করীম আল আকল ৩/৯/১৪১১ হিজরী

আক্বীদার অর্থ

আভিধানিক দিক থেকে আক্বীদা শব্দটি উৎকলিত হয়েছে আল-আকদু, আতাওসীকু, আল-ইহকামু বা দৃঢ় করে বাঁধা বুঝানোর অর্থে।[১]

শরীয়াতে আক্বীদা বলতে বুঝায়: এমন সন্দেহাতীত প্রত্যয় এবং দৃঢ় বিশ্বাসকে যাতে বিশ্বাসকারীর নিকট কোন সন্দেহের উদ্রেক করতে না পারে।

ইসলামী আক্বীদা বলতে বুঝায়: আল্লাহ ও তার উলুহিয়্যাত বা ইবাদাত, রুবুবিয়াত এবং তাওহীদুল আসমা ওয়াস সিফাত বা নাম ও গুণাবলীর প্রতি সুদৃঢ় বিশ্বাস রাখা ও তার আনুগত্যকে মেনে নেয়া। আর ফিরিশতা, আসমানী কিতাবসমূহ, সকল রসূল, আখিরাত দিবস, তাকদীরের ভালো মন্দ, কুরআন হাদীসে বিশুদ্ধভাবে প্রমাণিত সকল গায়েবী বিষয় এবং যাবতীয় সংবাদ, অকাট্যভাবে প্রমাণিত সকল তত্ত্বমূলক বা কর্মমূলক বিষয়ের প্রতি দৃঢ় বিশ্বাস স্থাপন করা।

পূর্বসূরী বা সালফে সালেহীন

সালফে সালেহীন বলতে বুঝায় প্রথম তিন সোনালী যুগের লোকদের অর্থাৎ সাহাবায়ে কেরাম, তাবেয়ীন, তাবে-তাবেঈন ও আমাদের সম্মানিত হেদায়েতপ্রাপ্ত ইমামগণ। আর তাদের অনুসরণকারী এবং তাদের পথ অবলম্বনকারী প্রত্যেক ব্যক্তিকে তাদের প্রতি সম্বোধন করত ঃ সালাফী বলা হয়।

১.আকীদা একটি আরবী শব্দ, যা عقد থেকে গৃহীত। এর অর্থ হচ্ছে দৃঢ়ভাবে বাঁধা। মানুষ দৃঢ়তার সাথে যা কিছু তার অন্তরে গেঁথে নেয় তাই হলো আকীদা।

আহলুস সুন্নাহ ওয়াল জামা‘আত

আহলুস সুন্নাহ ওয়াল জামা ‘আত বলা হয় ঐ সমস্ত ব্যক্তিদেরকে যারা রসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর হাদীসের অনুসারী ও তার সুন্নাতের অনুগত। তাদেরকে আল জামা ‘আত বলা হয় এ মর্মে যে, তারা সত্যের উপর প্রতিষ্ঠিত হয়ে, দ্বীনের ব্যাপারে বিচ্ছিন্ন না হয়ে, হিদায়াতপ্রাপ্ত ইমামদের ছত্রছায়ায় একত্রিত হয়েছেন এবং তাদের বিরুদ্ধাচারণে লিপ্ত হননি।

এছাড়া যে সমস্ত বিষয়ে আমাদের পূর্বসূরী সাহাবায়ে কেরাম ও তাবেয়ীগণ একমত হয়েছেন তারা তার অনুসরণ করেন, এ সমস্ত কারণেই তাদেরকে আল-জামা‘আত বলা হয়।

এছাড়া রসূলের সুন্নাহর অনুসারী হওয়ার কারণে কখনো তাদেরকে আহলে হাদীস, কখনো আহলুল আসার, কখনো অনুসরণকারী দল, সাহায্যপ্রাপ্ত দল ও সফলতা লাভকারী দল বলেও আখ্যায়িত করা হয়।[২]

---

২. সেই মহান সত্তার শপথ, যার হাতে মুহাম্মাদের প্রাণ, অবশ্যই আমার উম্মাত ৭৩ দলে বিভক্ত হবে। একটি দল হবে জান্নাতী। আর ৭২টি দল হবে জাহান্নামী। বলা হলো, হে আল্লাহর রাসূল (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কারা জান্নাতী ? তিনি বললেন :

«الْجَمَاعَةُ»

আল জামা‘আত (রাসূল ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও সাহাবীদের জামা‘আত)। *সহীহ: ইবনে মাজাহ ৩৯৯২; আবূদাউদ ৪৫৯৭।*

وَتَفْتَرِقُ أُمَّتِي عَلَى ثَلاَثٍ وَسَبْعِينَ مِلَّةً كُلُّهَا فِي النَّارِ إِلاَّ مِلَّةً وَاحِدَةً فَقِيلَ لَهُ : مَا الْوَاحِدَةُ ؟ قَالَ : مَا أَنَا عَلَيْهِ الْيَوْمَ وَأَصْحَابِي.

আমার উম্মাত ৭৩ দলে বিভক্ত হবে। একটি দল ব্যতীত সবাই হবে জাহান্নামী। বলা হলো একটি দল (যারা জান্নাতী) কারা ? তিনি বললেন: আমি এবং আমার সাহাবীরা আজকের দিনে যার উপর (প্রতিষ্ঠিত)। *হাসান, তিরমিযী ২৬৪১, মুসতাদরাক হাকীম ৪৪৪, কিতাবুল ইলম।*

প্রথম অধ্যায়

ইসলামী জ্ঞান অন্বেষণের মূল উৎস এবং উহার প্রমাণপঞ্জি উপস্থাপনের পদ্ধতি

১. ইসলামী আক্বীদা গ্রহণের মূল উৎস কুরআনুল কারীম, সহীহ হাদীস ও সালফে-সালেহীনের ইজমা।[৩]

২. রসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে বর্ণিত সহীহ হাদীস গ্রহণ করা ওয়াজিব, এমনকি তা যদি খবরে আহাদও হয়।[৪]

৩. সুন্নাহ বুঝার প্রধান উপাদান কুরআনুল কারীম। কুরআন সুন্নারই অন্যান্য পাঠ, যার মধ্যে রয়েছে অপর আয়াত বা হাদীসের স্পষ্ট ব্যাখ্যা, এছাড়া আমাদের পূর্বসূরী সাহাবায়ে কেরাম, তাবেয়ীন এবং আমাদের সম্মানিত ইমামগণ প্রদত্ত ব্যাখ্যা। আর আরবদের ভাষায় যা বিশুদ্ধভাবে প্রমাণিত। তবে ভাষাগত দিক থেকে অন্য কোন অর্থের সম্ভাবনা থাকলেও সাহাবা, তাবেয়ীনদের ব্যাখ্যার বিপরীত কোন ব্যাখ্যা গ্রহণ করা যাবে না। সম্ভাব্য কোন অর্থ এর বিপরীত কোন অর্থ বহন করলেও তাদের ব্যাখ্যার উপরেই অটল থাকতে হবে।

৪. রসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইসলামের মূল বিষয়বস্তুসমূহ পুঙ্খানুপুঙ্খরূপে বর্ণনা করেছেন। এজন্য দ্বীনের মধ্যে নতুন করে কোন কিছু সংযোজন করার কারও অধিকার নেই।[৫]

---

৩. সূরা আন নিসা ৪:৫৯।

৪. খবরে আহাদ ঐ হাদীসকে বলে, যে হাদীস পরম্পরায় অসংখ্য সাহাবী হতে বর্ণিত হয়নি।

৫. আয়িশাহ (রা.) হতে বর্ণিত। তিনি বলেন, রসূল ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেছেন, যে ব্যক্তি আমাদের এ দ্বীনে নতুন কিছু উদ্ভাবন করেছে যা এতে নেই, তা প্রত্যাখ্যাত। বুখারী ২৬৯৭, মুসলিম ১৭১৮, আবূ দাউদ ৪৬০৬, ইবনে মাজাহ ১৪।

৫. প্রকাশ্য ও অপ্রকাশ্য সর্ব বিষয়ে আল্লাহ এবং তার রসূলের সামনে আত্মসমর্পন করা ওয়াজিব। সুতরাং নিজের মানসিক ঝোঁক বা ধারণার বশঃবর্তী হয়ে, আবেগপ্রবণ হয়ে অথবা বুদ্ধির জোরে বা যুক্তি দিয়ে কিংবা কাশফ অথবা কোন পীর-উস্তাদের কথা, কোন ইমামের উক্তির অজুহাত দিয়ে কুরআন সুন্নাহর বিরোধিতা করা যাবে না।[৬]

৬. কুরআন, সুন্নাহর সাথে জ্ঞান-বুদ্ধি ও বিবেকের কোন সংঘাত বা বিরোধ নেই। কিন্তু কোন সময় যদি উভয়ের মধ্যে অসামঞ্জস্যতা পরিলক্ষিত হয় এমতাবস্থায় কুরআন সুন্নাহর অর্থকে অগ্রাধিকার দিতে হবে।[৭]

৭. আকীদা সংক্রান্ত বিষয়ে শরীআতসম্মত ভাষা ও শব্দ প্রয়োগ করা এবং বিদ'আতী পরিভাষাসমূহ বর্জন করা। আর সংক্ষেপে বর্ণিত শব্দ, বাক্য বা বিষয়সমূহ যা বুঝতে ভুল-শুদ্ধ উভয়েরই সম্ভাবনা থাকে, এমতাবস্থায় বক্তা থেকে ঐ সমস্ত বাক্য বা শব্দের বিস্তারিত ব্যাখ্যা জিজ্ঞেস করে জেনে নেয়া, তারপর তন্মধ্য থেকে যা হক বা সঠিক বলে প্রমাণিত হবে তা শরী'আত সমর্থিত শব্দের মাধ্যমে সাব্যস্ত করতে হবে, আর যা বাতিল তা বর্জন করতে হবে।

৮. রসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ছিলেন নিষ্পাপ, ভুল-ত্রুটির উর্ধ্বে।[৮] আর সামষ্টিকভাবে মুসলিম উম্মাহও ভ্রান্তির উপরে একত্রিত হওয়া থেকে মুক্ত। কিন্তু ব্যক্তি হিসাবে মুহাম্মাদ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ব্যতীত এ উম্মতের কেউই নিষ্পাপ নন। আমাদের সম্মানিত ইমামগণ এবং অন্যান্যরা যে সব বিষয়ে মত পার্থক্য করেছেন, সে সমস্ত বিষয়ের সূরাহার জন্য কুরআন ও সুন্নার দিকে প্রত্যাবর্তন করতে হবে।[৯] তবে উম্মতের মুজতাহিদগণের যে সমস্ত ভুল-ত্রুটি হবে সেগুলোর জন্য সঙ্গত ওজর ছিল

---

৬. সূরা আন নিসা ৪:৫৯, ৬৫।
৭. সূরা আন নিসা ৪:৫৯, সূরা মুহাম্মাদ ৪৭:৩৩।
৮. সূরা আল ফাতহ ৪৮:২
৯. সূরা আন নিসা ৪:৫৯

বলে ধরে নিতে হবে। [১০] [অর্থাৎ ইজতিহাদী ভুলের কারণে তাদের মর্যাদা সমুন্নতই থাকবে এবং তাদের প্রতি সুন্দর ধারণা পোষণ করতে হবে।]

৯. এ উম্মতের মধ্যে আল্লাহ প্রদত্ত জ্ঞান সমৃদ্ধ ও ইলহামপ্রাপ্ত অনেক মনীষী রয়েছেন। সুস্বপ্ন সত্য এবং তা নবুওয়াতের একাংশ। [১১] সত্য-সঠিক দৃষ্টিসম্পন্ন ব্যক্তিদের বাণী সত্য এবং তা শরী'আত সম্মতভাবে কারামত বা সুসংবাদের অন্তর্ভুক্ত। তবে এটি ইসলামী আকীদা বা শরী'আত প্রবর্তনের কোন উৎস নয়।

১০. দ্বীনের কোন বিষয়ে অযথা তর্ক-বিতর্কে লিপ্ত হওয়া অত্যন্ত জঘন্য ও নিন্দনীয়। তবে উত্তম পন্থায় বিতর্ক বৈধ।[১২] আর যে সমস্ত বিষয়ে বিতর্কে লিপ্ত হওয়া থেকে শরীআত নিষেধ করেছে, তা থেকে বেঁচে থাকা অপরিহার্য। এমনিভাবে অজানা বিষয়ে বিবাদে লিপ্ত হওয়াও মুসলিমদের জন্য অনুচিৎ, বরং ঐ অজানা বিষয় সর্বজ্ঞ ও সর্বজ্ঞানী আল্লাহর উপর সোপর্দ করা উচিৎ।[১৩]

১১. কোন বিষয়ে গ্রহণ বর্জনের জন্য ওহির পথ অবলম্বন করতে হবে। অনুরূপভাবে কোন বিষয় বিশ্বাস বা সাব্যস্ত করার জন্যও ওহীর পদ্ধতির অনুসরণ করতে হবে। সুতরাং বিদআতকে প্রতিহত করার জন্য বিদআতের আশ্রয় নেয়া যাবে না। আর কোন বিষয়ের অবজ্ঞা ঠেকাতে অতিরঞ্জন করার মাধ্যমে মোকাবেলা করা যাবে না। অনুরূপ কোন বিষয়ের অতিরঞ্জন ঠেকাতে অবজ্ঞাও করা যাবে না। [যতটুকু শরী'আত সমর্থন করে ততটুকুই করা যাবে]

১২. দ্বীনের মধ্যে নব সৃষ্ট সব কিছুই বিদ'আত এবং প্রতিটি বিদ'আতই হলো পথভ্রষ্টতা। আর প্রত্যেক পথভ্রষ্টতার পরিণতিই জাহান্নাম।[১৪]

---

১০. সহীহ বুখারী ৭৩৫২, সহীহ মুসলিম ১৭১৬।
১১. সহীহ বুখারী ৬৯৮৩, ৬৯৮৭, মুসলিম ২২৬৩, ইবনে মাজাহ ৩৮৯৪, তিরমিযী ২২৭০।
১২. সূরা আন নাহল ১৬:১২৫।
১৩. সূরা আল আরাফ ৭:৩৩, সূরা গাফির ৪০:৩৫।
১৪. সহীহ: নাসাঈ ১৫৭৮, নাসাঈ ইসলামিক ফাউন্ডেশন ২/১৫৮১।

দ্বিতীয় অধ্যায়

জ্ঞান ও বিশ্বাস বিষয়ক তাওহীদ
(তাওহীদুর রুবুবিয়াহ)

১. আল্লাহ তা'আলার নাম ও সিফাতের বিষয়ে মূল আকীদা হলো- আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা ও তার রসূল ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর জন্য যে সমস্ত নাম ও গুণাবলী সাব্যস্ত করেছেন সেগুলোকে তুলনাহীনভাবে, সেগুলোর কোন রকম বা ধরণ নির্ধারণ না করে তার জন্য তা সাব্যস্ত করা। আর যে সমস্ত নাম বা গুণাবলী আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা তার জন্য নিষেধ করেছেন অথবা রসূল ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও আল্লাহ থেকে যে সমস্ত নাম ও গুণাগুণ নিষেধ করেছেন সেগুলোকে নিষেধ করা বা আল্লাহ্‌র জন্য সাব্যস্ত না করা। এগুলোর কোন প্রকার বিকৃতি বা এগুলোকে অর্থশূণ্য মনে না করা। যেমন আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা বলেন:

﴿لَيْسَ كَمِثْلِهِ شَيْءٌ وَهُوَ السَّمِيعُ الْبَصِيرُ﴾

কোন কিছুই তার অনুরূপ নয় তিনি সব শুনেন ও দেখেন।[১৫]

তবে কুরআন ও সুন্নাহয় যে সমস্ত শব্দ ব্যবহৃত হয়েছে সেগুলোর যে অর্থ আছে সে অর্থের উপর এবং এগুলোর যে যে বিষয় প্রমাণ করছে সে সব বিষয়ে পূর্ণ ঈমান থাকতে হবে।

২. আল্লাহর নাম এবং গুণাবলীকে অন্য কিছুর সাথে সদৃশ মনে করা বা এগুলোকে অর্থশূণ্য মনে করা কুফরী। আর এটাকে বিকৃত করা, যাকে বিদ'আতী সম্প্রদায় ব্যাখ্যা বলে অভিহিত করে থাকে। এর কিছু পর্যায় রয়েছে তন্মধ্যে কোন কোন বিকৃতি কুফরির সমতুল্য। যেমনটি করে থাকে বাতেনিয়া

---

১৫. সূরা আশ শূরা ৪২: ১১

সম্প্রদায়,[১৬] আবার কোন কোন বিকৃতি বিদ'আত ও পথভ্রষ্টতা। যেমনটি আল্লাহর গুণসমূহের অস্বীকারকারীদের ব্যাখ্যা। আর কিছু কিছু ব্যাখ্যা সাধারণ ভুল হিসেবে প্রমাণিত।

৩. ওহদাতুল ওজুদ বা আল্লাহ এবং সৃষ্টিকুল এক অভিন্ন সত্তা হিসেবে বিরাজমান মনে করা কুফরী। অথবা আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা তার কোন সৃষ্টির মধ্যে প্রবিষ্ট হন, অথবা কেউ আল্লাহর সাথে একাকার হয়ে গেছেন বলে বিশ্বাস করাও কুফরী। এ ধরনের যাবতীয় আকীদা-বিশ্বাস স্বীকারকারী দ্বীনের গণ্ডি থেকে বেরিয়ে যাবে।

৪. মৌলিকভাবে সকল ফিরিশতাদের প্রতি ঈমান আনয়ন করা।[১৭] আর তাদের নাম, গুণাবলী, কাজ ইত্যাদি বিষয় সহীহ দলীল প্রমাণ সহকারে যতটুকু বর্ণিত হয়েছে এবং যতটুকুর জ্ঞান অর্জন করা সম্ভব হয়েছে ততটুকু বিশ্বাস করা।

৫. আল্লাহর পক্ষ থেকে অবতীর্ণ সকল কিতাবের উপর ঈমান আনয়ন করা এবং এর উপরও ঈমান আনয়ন করা যে, ঐ সমস্ত আসমানী কিতাবসমূহের মধ্যে কুরআনুল কারীম সবচেয়ে শ্রেষ্ঠ। আর কুরআনুল কারীম পূর্বের কিতাবসমূহের বিধি-বিধান রহিতকারী। আরও ঈমান রাখা যে, পূর্বের সমস্ত আসমানী কিতাবে বিকৃতির অনুপ্রবেশ ঘটেছে। আর এজন্যই কেবল অনুসরণ করতে হবে একমাত্র কুরআনের, পূর্বেরগুলোর নয়।[১৮]

---

১৬. বাতেনিয়া সম্প্রদায় বলতে তাদেরকে বুঝায়, যারা মনে করে থাকে যে, কুরআন ও হাদীসের বাহ্যিক অর্থ গ্রহণযোগ্য নয়, তাদের নিকট সেগুলোর গোপন অর্থ রয়েছে। তন্মধ্যে বিখ্যাত হচ্ছে, আগাখানী ইসমাইলিয়া সম্প্রদায়, বুহরা সম্প্রদায়, কাদিয়ানী সম্প্রদায়, কোন কোন শিয়া সম্প্রদায়, কোন কোন সুফী সম্প্রদায়। এরা সবচেয়ে বেশী ভ্রান্ত আকীদায় বিশ্বাসী। তাদের অধিকাংশই কাফের।

১৭. সূরা ফাত্বির ৩৫:১, সূরা আত তাহরীম ৬৬:৬।

১৮. আল ইমরান ৩:৭৮, আন নিসা ৪:৪৬, সহীহ বুখারী ৭৩৬১-৭৩৬৩, সহীহ মুসলিম ১৫৩।

৬. সকল নাবী ও রসূলগণের উপর ঈমান রাখা এবং মানুষের মধ্যে তারাই সবচেয়ে উত্তম ব্যক্তিবর্গ। কেউ যদি নাবীদের সম্পর্কে এর বিপরীত মত পোষণ করে তবে সে কাফের হয়ে যাবে। যে সকল নাবীর ব্যাপারে নির্দিষ্টভাবে কুরআন বা সহীহ হাদীসে আলোচনা রয়েছে তাদের উপর নির্দিষ্টভাবে ঈমান আনতে হবে। বাকীদের উপর সামগ্রিকভাবে ঈমান আনতে হবে।[১৯]

৭. ঈমান আনতে হবে যে, মুহাম্মাদ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মাধ্যমে ওহির ধারাবাহিকতা বন্ধ হয়েছে। আর তিনি সর্বশেষ নাবী ও রসূল। আর আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা তাকে সকল মানুষের জন্য রসূল করে পাঠিয়েছেন। অতঃপর যে ব্যক্তি এর বিপরীত আকীদা পোষণ করবে সে কাফের হয়ে যাবে।[২০]

৮. শেষ দিবসের উপর ঈমান আনতে হবে।[২১] আর এ প্রসঙ্গে বর্ণিত সকল সহীহ সংবাদ ও তার পূর্বে যে সমস্ত আলামত বা নিদর্শনাবলী সংগঠিত হওয়ার কথা উল্লেখ করা হয়েছে তাতেও ঈমান রাখতে হবে।[২২]

৯. তাকদীরের ভাল-মন্দের উপর ঈমান রাখা।[২৩] আর তা হলো মনে প্রাণে বিশ্বাস করা যে, আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা সকল কিছুর অস্তিত্বের পূর্বেই তা সম্পর্কে অবহিত ছিলেন এবং তিনি তা লাওহে মাহফুযে লিপিবদ্ধ করেছেন। আর আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা যা চান তাই হয়ে থাকে, আর যা চান না তা হয় না। সুতরাং কেবল আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা যা চাইবেন তা-ই শুধু হবে। আর আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা সকল কিছুর উপর ক্ষমতাবান এবং তিনিই সকল কিছুর স্রষ্টা। যা ইচ্ছে তিনি তা করেন।[২৪]

---

১৯. সূরা আল বাক্বারা ২:২৮৫, সহীহ্ মুসলিম ৮।
২০. সূরা আল আহ্যাব ৩৩:২১,৪০, সূরা সাবা ৩৪:২৮, সহীহ্ মুসলিম ১৫৩।
২১. সূরা আত্ তাওবা ৯:১৮, সূরা আল্ আন্আম ৬:৯২, সূরা আত্ তাগাবুন ৬৪:৭।
২২. সহীহ মুসলিম ২৯০১।
২৩. সহীহ মুসলিম ৮।
২৪. আল হাদিদ ৫৭:২২, মুসনাদে আহমাদ ২১৬১১, সহীহ বুখারী ৪৯৪৯, সহীহ্ মুসলিম ২৬৫৩।

১০. দলিল প্রমাণ ভিত্তিক গায়েবের সকল বিষয়ের উপর ঈমান আনতে হবে। যেমন, আরশ ও কুরসী, [২৫] জান্নাত ও জাহান্নাম, [২৬] কবরের শান্তি ও শাস্তি,[২৭] পুলসিরাত ও মিযান [২৮] ইত্যাদি। এগুলোতে কোন প্রকার অপব্যাখ্যার আশ্রয় নেয়া যাবে না।

১১. কিয়ামতের দিন রসূলুল্লাহ, অন্যান্য নাবীগণ, ফিরিশতা ও নেককার লোকদের সুপারিশ প্রসঙ্গে নির্ভরযোগ্য দলিল দ্বারা যা বলা হয়েছে তাতে ঈমান আনয়ন করা।[২৯]

১২. [আরও ঈমান আনতে হবে যে] কিয়ামতের দিন হাশরের ময়দান ও জান্নাতে সকল মুমিন ব্যক্তি আল্লাহ তাআলাকে স্বচক্ষে দেখতে পাওয়া হক ও বাস্তব। আর যে তা অস্বীকার করবে অথবা অপব্যাখ্যা করবে সে বক্রপথের অনুসারী এবং পথভ্রষ্ট। তবে দুনিয়াতে কারও পক্ষে দীদার বা আল্লাহকে দেখা সম্ভব নয়।[৩০]

১৩. নেক বান্দা এবং আল্লাহর প্রিয় বান্দাহদের কারামত সত্য। তবে প্রত্যেক অলৌকিক ঘটনাই কারামত নয়, কখনো হতে পারে এটি প্ররোচনা মাত্র। কখনো বা এটি শয়তানের প্রভাবে বা মানুষদের যাদুর প্রতিক্রিয়ায় ঘটে থাকে। বিশেষ করে এসব বিষয় ও কারামতের মধ্যে পার্থক্যের মানদণ্ড হলো কুরআন ও সুন্নাহ অনুযায়ী হওয়া বা না হওয়া। অর্থাৎ কুরআন সুন্নাহ মোতাবেক না হলে সেটাকে কারামত বলা যাবে না।

---

২৫. সূরা আল বুরুজ ৮৫:১৫, সূরা গফির ৪০:১৫, সূরা আল আরাফ ৭:৫৪, সূরা আত ত্বহা ২০:৫, সূরা আল মু'মিনুন ২৩:১১৬, সূরা আন নামল ২৭:২৬, সূরা আল বাকারা ২:২৫৫।

২৬. সহীহ বুখারী ৪৯৪৯, ৬৫৪৬-৬৫৭৪।

২৭. সূরা আল-মু'মিন ৪০:৪৬, সূরা আল্ আন্আম ৬:৯৩, সূরা হামীম আস্ সাজ্দাহ্ ৪১:৩০, সহীহ: মুসনাদে আহমাদ ১৮৫৩৪, সহীহ মুসলিম ২৮৬৭।

২৮. সূরা আল্ আম্বিয়া ২১:৪৭।

২৯. সহীহ বুখারী ৬৫৬৬,

৩০. সূরা আল কিয়ামাহ ৭৫:২২-২৩, সহীহ বুখারী ৭৪৩৪, সহীহ মুসলিম ১৮০, ১৮১।

১৪. প্রত্যেক মুমিনই আল্লাহর ওলী বা বন্ধু। আর প্রত্যেক মুমিনের মধ্যে এই বেলায়েত বা বন্ধুত্বের পরিমাণ নির্ণিত হবে তার ঈমান অনুযায়ী।[৩১]

[ইসলামী আক্বীদার বিষয়বস্তু:

একটি স্বতন্ত্র শাস্ত্র হিসাবে ইসলামী আক্বীদার আলোচ্য বিষয়বস্তু হচ্ছে:

- আত তাওহীদ,
- আল ঈমান,
- আল ইসলাম,
- গায়েবী বিষয়সমূহ,
- নবুওয়াত,
- তাকদীর,
- মৌলিক অকাট্য বিধানসমূহ,
- দ্বীনের সকল মৌল-নীতি,
- তত্ত্ব ও আকীদা এবং প্রবৃত্তির অনুসারী বিভিন্ন দল, মত ও বিভ্রান্ত ফিরকাসমূহের বিভ্রান্তি খণ্ডন করে সঠিক জবাব প্রদান।]

---

৩১. সূরা ইউনুছ ১০:৬২-৬৩, সূরা মুহাম্মাদ ৪৭:১১, সূরা আল মায়িদা ৫:৫৫-৫৬, সহীহ বুখারী ৬৫০২

তৃতীয় অধ্যায়
ইচ্ছা বা চাওয়ার ক্ষেত্রে তাওহীদ
(তাওহীদুল উলুহিয়্যা)

১. আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা এক, একক। তার রুবুবিয়্যাত, উলুহিয়্যাত, নামসমূহ এবং গুণসমূহে কোন শরীক নেই। তিনি সকল সৃষ্টিকুলের রব এবং যাবতীয় ইবাদাত পাওয়ার তিনিই একমাত্র অধিকারী।

২. দু'আ, বিপদে সাহায্য প্রার্থনা, ত্রাণ চাওয়া, মান্নত, যবেহ, ভরসা, ভয়-ভীতি, আশা, ভালোবাসা এবং এমনি ধরনের সকল ইবাদাত আল্লাহ ব্যতীত অন্য কারো জন্য করা শির্ক। যে উদ্দেশ্যেই তা করে থাকুক না কেন, চাই তা কোন নৈকট্যপ্রাপ্ত ফিরিশতার জন্য করুক বা কোন নাবী-রসূলের জন্য করুক, অথবা কোন সৎ বান্দার জন্যই হোক বা অন্য কারও জন্য হোক।[৩২]

৩. ইবাদাতের অন্যতম মূলনীতি হচ্ছে, ভালোবাসা, ভয়-ভীতি ও আশা-আকাঙ্খা সহকারে আল্লাহর ইবাদাত করা।[৩৩] এর কোন অংশ বাদ দিয়ে অপর অংশ দিয়ে আল্লাহর ইবাদাত করা পথভ্রষ্টতা। কোন আ লিম বলেছেন: যে ব্যক্তি আল্লাহকে ভয় না করে বা তার রহমতের আশা না করে শুধুমাত্র তার ভালোবাসায় ইবাদাত করে, সে ব্যক্তি যিন্দীক [৩৪] এবং যে শুধুমাত্র আল্লাহকে ভয় কিন্তু তাকে ভালোবাসে না বা তার রহমতের আশা করে না, সে ব্যক্তি

---

৩২. এ সবই বড় শির্ক।

৩৩. তাদের পার্শ্বদেশ বিছানা থেকে আলাদা হয়। তারা ভয় ও আশা নিয়ে তাদের রবকে ডাকে। আর আমি তাদেরকে যে রিযিক দান করেছি, তা থেকে তারা ব্যয় করে। (সাজদা ৩২:১৬)

৩৪. যিন্দীক ঐ ব্যক্তিকে বলা হয় যে, প্রকাশ্যে ইসলামের দাবী করে বটে কিন্তু ভেতরগতভাবে কাফের।

হারুরী[৩৫]।আর যে ভয়-ভীতি ও ভালবাসা শূণ্য হয়ে শুধুমাত্র আল্লাহর রহমতের আশায় তার ইবাদাত করে। সে মুরজিয়া[৩৬] সম্প্রদায়ের অন্তর্ভুক্ত।

৪. সম্পূর্ণভাবে আত্মসমর্পন করা। [৩৭] পূর্ণ সন্তুষ্টি প্রকাশ এবং নিরঙ্কুশ আনুগত্য কেবল আল্লাহ ও তার রসূলের প্রাপ্য। আর আইন-বিধান প্রদানকারী হিসেবে আল্লাহর উপর ঈমান আনয়ন করা, আল্লাহ্‌কে রব ও ইলাহ হিসেবে ঈমান আনয়ন করার অন্তর্ভুক্ত। সুতরাং হুকুম-আহকাম তথা বিধি-বিধান ও নির্দেশ প্রদানে আল্লাহর কোন শরীক বা অংশীদার নেই। আর যে বিষয়ে আল্লাহর অনুমোদন নেই, সেটাকে বিধান মনে করা বা তাগুত তথা আল্লাহ্‌বিরোধী শক্তির নিকট ফয়সালা চাওয়া, অথবা মুহাম্মাদ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর শরী'আত ব্যতীত অন্য কোন শরী'আতের অনুসরণ করা এবং ইসলামী শরী'আতের কোন প্রকার পরিবর্তন করা কুফুরী। আর কেউ যদি মনে করে যে ইসলামী শরী'আতের গণ্ডি থেকে বেরিয়ে যাওয়ার অধিকার তার রয়েছে তাহলে সে কাফের হয়ে যাবে।

৫. আল্লাহর অবতীর্ণ আইন ব্যতীত অন্য আইন দিয়ে শাসন করা বড় কুফুরী।[৩৮] কিন্তু অবস্থার আলোকে কখনো কখনো এটি ছোট কুফুরীর পর্যায়ে

---

৩৫. হারুরী বলতে খারেজী সাম্প্রদায়কে বুঝায়। যারা কবীরাগুণাহকারীকে কাফের বলে বিশ্বাস করে।

৩৬. মুরজিয়া হচ্ছে, ঐ সমস্ত লোক, যারা মনে করে যে, ঈমানের পরে আমলের কোন প্রয়োজন নেই, গোনাহ করলে ঈমানের কোন সমস্যা হয় না, তারা অপরাধ করতে থাকে আর আশা করতে থাকে যে, সব মাফ হয়ে যাবে। গোনাহ মাফ হওয়া বা না হওয়ার ব্যাপারে তাদের মধ্যে কোন ভয় কাজ করে না।

৩৭. হে মুমিনগণ, তোমরা ইসলামে পূর্ণরূপে প্রবেশ কর এবং শয়তানের পদাঙ্ক অনুসরণ করো না । নিশ্চয় সে তোমাদের জন্য স্পষ্ট শত্রু। সূরা আল বাকারা ২:২০৮

৩৮. আর আল্লাহ যা অবতীর্ণ করেছেন, যারা তার মাধ্যমে ফায়সালা করে না, তারাই হচ্ছে কাফির। সূরা আল মায়িদা ৫:৪৪

পড়বে। বড় কুফুরী হবে তখন, যখন আল্লাহর আইন ব্যতীত অন্য আইন অবশ্যম্ভাবী করে নিবে, অথবা অন্য আইন দিয়ে শাসন করাকে বৈধ করে নিবে। আর ছোট কুফুরী হবে তখন, যখন আল্লাহর আইনকে বাধ্যতামূলকভাবে মেনে নিয়ে কোন সুনির্দিষ্ট ঘটনায় প্রবৃত্তির টানে আল্লাহর শরী'আত থেকে সরে এসে অন্য কোন আইন দিয়ে ফয়সালা করে।

৬. দ্বীনকে হাকীকত ও শরী'আত ভাগ করা এবং মনে করা যে, হাকীকাত পর্যন্ত পৌঁছতে পারে শুধুমাত্র বিশিষ্ট ব্যক্তি ও ওলী বুজুর্গগণ। আর শরী'আত শুধু সাধারণ মানুষকেই মানতে হবে, বিশিষ্ট ব্যক্তিবর্গের তা মানার কোন বাধ্যবাধকতা নেই, অনুরূপভাবে, রাজনীতি ও এরূপ অন্যান্য বিষয়কে দ্বীন থেকে বিচ্ছিন্ন করা, এসবই বাতিল-অসার কথা। বরং ইসলামী শরী'আত বিরোধী যাবতীয় হাকীকত অথবা রাজনীতি অথবা অন্য সকল কিছুই অবস্থা ও পর্যায় ভেদে হয় কুফরী, না হয় পথভ্রষ্টতা হিসেবে গণ্য হবে।

৭. গায়েবের বিষয়াদি শুধুমাত্র আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা জানেন। আল্লাহ ব্যতীত অন্য কেউ গায়েব জানে এমন ধারণা পোষণ করা কুফরী। তবে এও ঈমান রাখতে হবে যে, আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা অনেক সময় গায়েবসংক্রান্ত অনেক বিষয় তার রসূলগণকে পরিজ্ঞাত করেছেন।[৩৯]

৮. জ্যোতিষ ও গণকদের কথা সত্য বলে বিশ্বাস করা কুফুরী। আর কোন কিছু গণনা বা পরীক্ষার জন্য তাদের নিকট যাওয়া কবীরা গুনাহ।[৪০]

৯. কুরআনুল কারীমে যে উসিলা গ্রহণ করার কথা বলা হয়েছে তার অর্থ হলো, ঐ সমস্ত বৈধ ইবাদাত যার মাধ্যমে আল্লাহর নৈকট্য লাভ করা যায়।

---

৩৯. সূরা আন-নামল ২৭: ৬৫

৪০. হাসান: মুসনাদে আহ্‌মাদ ৯৫৩৬, আবূ দাউদ ৩৯০৪।

উসিলা অবলম্বনের তিনটি পর্যায়

এক। বৈধ: আর তাহলো আল্লাহ তাআলার নামও তার গুণাবলীর মাধ্যমে বা ব্যক্তির নিজের নেক আমলের মাধ্যমে অথবা কোন নেককার লোক দ্বারা দু'আ করার মাধ্যমে উসিলা গ্রহণ করা।[৪১]

দুই। বিদ'আত: আর তাহলো শরীআত পরিপন্থী কোন পদ্ধতিতে উসিলা তালাশ করা, যেমন: নাবী-রসূল বা নেককার লোকদের সত্তার দোহাই দিয়ে, কিংবা তাদের মহিমা বা সাধুতা, তাদের অধিকার ও তাদের সম্মান ও পবিত্রতার দোহাই দিয়ে উসিলা গ্রহণ করা।

তিন। শির্ক : এর উদাহরণ, যেমন ইবাদতের জন্য মৃতব্যক্তিকে মাধ্যম হিসেবে গ্রহণ করা অথবা তাদেরকে আহ্বান করা, ডাকা বা তাদের নিকট প্রয়োজন পূরণ করা চাওয়া এবং সমস্যা সমাধানের জন্য তাদের সাহায্য চাওয়া, ইত্যাদি।[৪২]

১০. কোন কিছু বরকতময় বা মঙ্গলময় হয়ে থাকে আল্লাহর পক্ষ হতে। আল্লাহ ইচ্ছা করলে তার সৃষ্টিতে বিশেষভাবে বরকত প্রদান করে থাকেন। তবে কোন কিছুর বরকতময় হওয়ার বিষয়টি নির্ভর করবে দলিল প্রমাণের উপর। বরকতের অর্থ হলো: কল্যাণ বা মঙ্গলের আধিক্য হওয়া, বৃদ্ধি পাওয়া, কোন কিছুতে তা অবশিষ্ট থাকা বা কোন কিছুতে তার স্থায়িত্ব লাভ।

- তন্মধ্যে সময়ে আল্লাহর বরকত, যেমন: কদরের রাত্রি।
- স্থানের মধ্যে বরকত যেমন, মাসজিদুল হারাম, মাসজীদে নাববী এবং মাসজিদে আকসা।
- বস্তুর মধ্যে বরকত, যেমন: যামযমের পানি

---

৪১. সূরা আল আ'রাফ ৭: ১৮০, আল-মায়িদা ৫: ৩৫, মুসনাদে আহ্‌মাদ
৪২. সূরা ইফনুস ১০ : ১০৬

- আমল বা কর্মকাণ্ডের মধ্যে বরকত, যেমন: সকল নেক আমলই বরকতময়।
- ব্যক্তি সত্ত্বায় বরকত, যেমন: ব্যক্তি হিসাবে সমস্ত নাবীদের সত্ত্বা বরকতময়; কিন্তু কোন ব্যক্তির সত্তা কিংবা স্মৃতির- নামে বরকত চাওয়া জায়েয নয়, শুধুমাত্র রসূল ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর ব্যক্তি সত্তা বা তার স্মৃতি বিজড়িত বস্তুসমূহ থেকে তার জীবদ্দশায় বরকত গ্রহণ করা জায়েয, আর তা দলিল দ্বারা প্রমাণিত। কিন্তু রসূলের মৃত্যু ও তার স্মৃতি জড়িত বস্তুসমুহ তিরোহিত হবার পর এ সুযোগ বন্ধ হয়ে গেল।

১১. বরকত গ্রহণ করার বিষয়টি সম্পূর্ণরূপে 'তাওকীফী' বা কুরআন ও হাদীস থেকে জ্ঞান লাভের উপর নির্ভরশীল। সুতরাং কোন বস্তু থেকে বরকত নেয়া দলিল প্রমাণের ভিত্তিতে হতে হবে।

১২. কবর যিয়ারত এবং কবরের নিকট মানুষ যে সমস্ত কাজ করে থাকে, তা তিন প্রকার:

প্রথম: শরী'আত সম্মত

যেমন: আখেরাতকে স্মরণের উদ্দেশ্যে কবর যিয়ারত করা এবং কবরবাসীদের উপর সালাম ও তাদের জন্য দু'আ করা।

দ্বিতীয়: বিদ'আত বা অভিনব পন্থায় যা তাওহীদের পরিপন্থী

যা শির্কের মধ্যে পতিত হওয়ার মাধ্যম। যেমন: আল্লাহর ইবাদাত ও তার নৈকট্য লাভের উদ্দেশ্যে কবরের কাছে গমন করা অথবা কবর দ্বারা বরকত লাভের উদ্দেশ্য নেয়া, বা কবরের কাছে সাওয়াব হাদীয়া হিসেবে পেশ করা, অথবা কবরের উপর সৌধ নির্মান, কবর বাঁধাই করা, সুসজ্জিত করা ও বাতি দেওয়া অথবা কবরকে মাসজিদ বা সলাতের স্থান বানানো কিংবা বিশেষ কোন

কবরকে কেন্দ্র করে ভ্রমণ করা ইত্যাদি। কারণ এ ধরনের কাজ থেকে রসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিষেধ করেছেন অথবা শরী'আতে এর কোন স্থান নেই।

তৃতীয়: শির্কী যা তাওহীদ পরিপন্থী

কবরের নিকট এমন কাজ কর্ম করা যা নির্ভেজাল শির্ক। আর তাওহীদ পরিপন্থী, যেমন কবরস্থ ব্যক্তির কোন ইবাদাত করা বা আল্লাহ ব্যতীত অন্য কাউকে আহ্বান করা, ডাকা এবং কবরস্থ ব্যক্তির নিকট সাহায্য চাওয়া বা তার দ্বারা উদ্ধার কামনা করা, অথবা কবরের চারপার্শে তাওয়াফ করা অথবা এর জন্য যবেহ করা, একে উদ্দেশ্য করে মানত করা, ইত্যাদি।

১৩. "কোন উদ্দেশ্য সাধনের জন্য যত মাধ্যম আছে সে সব মাধ্যমের বিধি-বিধান সে উদ্দিষ্ট বস্তুর বিধি-বিধান অনুযায়ী নির্ধারিত হবে।" সুতরাং আল্লাহ্‌র ইবাদতের ক্ষেত্রে শির্ক হয় বা আল্লাহ্‌র দ্বীনের মধ্যে বিদ 'আতের প্রসার ঘটবে এমন যাবতীয় মাধ্যম বন্ধ করা ওয়াজিব। আর দ্বীনের মধ্যে সৃষ্ট অভিনব সকল কাজেই বিদ 'আত নিহিত। আর প্রতিটি বিদ'আততই পথভ্রষ্টতা।

চতুর্থ অধ্যায়
আল ঈমান

১. ঈমান কথা ও কাজের নাম, যা বাড়ে এবং কমে। [৪৩] অতএব ঈমান হচ্ছে: অন্তর ও মুখের স্বীকৃতি এবং অন্তর, মুখ ও অঙ্গ প্রত্যঙ্গের কাজের নাম। অন্তরের কথা হলো বিশ্বাস ও সত্যায়ণ করা। মুখের কথা হলো স্বীকৃতি দেওয়া এবং অন্তরের কাজ হলো তা মেনে নেয়া, একনিষ্ঠতা সহকারে করা, এর প্রতি আনুগত্য প্রকাশ করা, ভালবাসা ও সৎ কাজের ইচ্ছা করা। আর অঙ্গ প্রত্যঙ্গের কাজ হলো আদেশকৃত সকল কাজকে বাস্তবায়িত করা এবং নিষেধকৃত সমস্ত কাজ বর্জন করা।[৪৪]

২. আমলকে ঈমান থেকে বিচ্ছিন্ন করা মুরজিয়া সম্প্রদায়ের কাজ। আর যে ব্যক্তি ঈমানের মধ্যে এমন কিছু অন্তর্ভুক্ত করে নেবে যা ঈমানের অন্তর্ভুক্ত বিষয় নয় সে অবশ্যই বিদ'আতকারী।

৩. যে ব্যক্তি " لا اله الا الله" (লা-ইলাহা ইল্লাল্লাহ) এবং محمد رسول الله (মুহাম্মাদুর রসূলুল্লাহ) এ দুই সাক্ষ্যের মৌখিক স্বীকৃতি প্রদান করবে না, তাকে দুনিয়া বা আখেরাত কোন অবস্থাতেই ঈমানদার বলা যাবে না।

৪. ইসলাম ও ঈমান দু'টি শরয়ী পরিভাষা। কখনো কখনো পরিভাষা দু'টি ভিন্ন ভিন্ন অর্থে ব্যবহৃত হয়। কখনো বা একটি অপরটির সম্পূরক। আর কেবলার অনুসারী সকল ব্যক্তিই মুসলিম।[৪৫]

৫. কবীরা গুণাহকারী ঈমানের গণ্ডি থেকে বেরিয়ে যাবে না। দুনিয়ার দৃষ্টিতে তাকে দুর্বল ঈমানদার বলা হবে এবং তার আখেরাতের বিষয় আল্লাহর ফয়সালার উপর নির্ভর করবে। অর্থাৎ আল্লাহ চাইলে তাকে ক্ষমা করতে

---

৪৩. সূরা আত তাওবা ৯:১২৪, সূরা আল ইমরান ৩:১৭৩, সূরা আল আহযাব ৩৩:২২।
৪৪. আল আসর ১০৩:৩, আত তীন ৯৫:৬, আল আরাফ ৭:৪২, আল ইনশিকাক ৮৪:২৫।
৪৫. সহীহ বুখারী ৩৯১.৩৯২, ৩৯৩ ; সুনানে আবূ দাউদ ২৮০০, নাসাঈ ১৫৮১

পারেন বা শাস্তি দিতে পারেন। আল্লাহর একত্ববাদে বিশ্বাসী একজন মুমিন গুনাহের কারণে শাস্তি ভোগ করলেও শেষ পর্যন্ত জান্নাতে প্রবেশ করবে এবং তাদের কেউই চিরস্থায়ীভাবে জাহান্নামে থাকবে না।[৪৬]

৬. নির্দিষ্টভাবে কোন আহলে কিবলা বা মুসলিমকে জান্নাতী বা জাহান্নামী বলে আখ্যায়িত করা যাবে না। [৪৭] তবে হাঁ, শুধুমাত্র ঐ সমস্ত ব্যক্তিদেরকে আখ্যায়িত করা যাবে যাদের বিষয় কুরআন ও সুন্নাতে উল্লেখিত হয়েছে।

৭. ইসলামের দৃষ্টিতে কুফরি দুই প্রকার: এক. বড় কুফরী। এ ধরনের কুফরীর কারণে একজন ব্যক্তি দ্বীন থেকে বেরিয়ে যাবে।

দুই: ছোট কুফরী। এ ধরনের কুফরীর কারণে দ্বীন থেকে বেরিয়ে যাবে না। কখনো এ কুফরীকে আমলী বা কার্যত কুফরী বলা হয়।

৮. কাউকে 'কাফির' বলে আখ্যায়িত করা এমন এক ইসলামী বিধান যার একমাত্র ভিত্তি হবে কুরআন ও সুন্নাহ। সুতরাং শরীআতসম্মত কোন দলিল প্রমাণ ব্যতীত কোন কথা বা কাজের উপর নির্ভর করে নির্দিষ্ট করে কোন মুসলিমকে কাফির বলা জায়েয নয়। [৪৮] এমনকি কোন কথা বা কাজ কুফরীর পর্যায় পড়লেও ঐ কারণে যে কাউকে নির্দিষ্ট করে কাফের বলতেই হবে এমনটি নয়। হাঁ, ঐ পর্যায়ে কাউকে কাফের বলা যেতে পারে যখন তার মধ্যে কুফরীর সমস্ত শর্ত পাওয়া যায় এবং তাকে এ নামে সম্বোধন করার ক্ষেত্রে যে সমস্ত নিষেধাজ্ঞা আছে তার কোনটি অবশিষ্ট না থাকে। বস্তুত ঃ কারও উপর কুফরীর হুকুম প্রয়োগ করা খুবই জটিল ও মারাত্মক বিষয়। এজন্য কোন মুসলিমকে কাফের বলার ব্যাপারে খুবই সতর্কতা ও সাবধানতা অবলম্বন করা জরুরী।

---

৪৬. সহীহ মুসলিম ৯২-৯৪, ৯৭।
৪৭. সহীহ বুখারী ৩৯১.৩৯২, ৩৯৩ ; সুনানে আবূ দাউদ ২৮০০, নাসাঈ ১৫৮১
৪৮. সহীহ মুসলিম ৪৩।

পঞ্চম অধ্যায়

আল-কুরআন আল্লাহর বাণী

১. বর্ণ ও অর্থ উভয়টি মিলেই কুরআন মাজীদ আল্লাহর বাণী। এটি আল্লাহর সৃষ্টি নয়, তার থেকেই এর শুরু এবং তার নিকটেই ফিরে যাবে। এটি এক অকাট্য মুজিযা যার দ্বারা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সত্যতা প্রমাণিত হয়। এ কুরআন কিয়ামত পর্যন্ত সংরক্ষিত থাকবে।[৪৯]

২. আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা যার সাথে যেভাবে ইচ্ছা কথা বলেন, তার কথা বাস্তব বর্ণ ও আওয়াজের সমন্বয়ে গঠিত; কিন্তু তার কথা বলার ধরণ আমাদের জানার বাইরে এবং আমরা এ নিয়ে বিতর্কে লিপ্ত হব না।

৩. কুরআন মাজীদ এক অন্তর্নিহিত ভাবের নাম বা অন্য কিছু থেকে নেয়া এটি একটি বর্ণনা মাত্র অথবা এটি শুধুমাত্র ভাষা ও বুলির অভিব্যক্তি, কিংবা এটি রূপক বা এটি ফায়েয তথা এক অসাধারণভাবে অন্তরে উদিত হওয়া উৎকর্ষের নাম, কুরআন সম্পর্কে এ ধরনের মন্তব্য হচ্ছে পথভ্রষ্টতা ও বক্রতা। আবার কখনো এ ধরণের উক্তি কুফরী।

৪. যে কেউ কুরআনের কোন কিছুকে অস্বীকার বা অগ্রাহ্য করবে অথবা মনে করবে যে, এটি ত্রুটিপূর্ণ বা এতে পরিবর্ধন করা হয়েছে অথবা এতে বিকৃতি আছে, সে কাফের।

৫. সালাফে সালেহীন তথা সাহাবায়ে কেরাম ও তাদের অনুসারী সঠিক তাবেয়ীগণ যে পদ্ধতিতে কুরআনের ব্যাখ্যা করেছেন ঠিক সেই পদ্ধতিতেই এর ব্যাখ্যা করা কতর্ব্য। শুধু নিজের মতামতের উপর ভিত্তি করে কুরআনের ব্যাখ্যা না জায়েয। কেননা; তখন তা হবে, না জেনে আল্লাহ সম্পর্কে কথা বলা। আর বাতেনীয়া সম্প্রদায় ও তাদের অনুরূপ অন্যান্য সম্প্রদায়ের মত কুরআনের ব্যাখ্যা করা কুফরী।

---

৪৯. সূরা আল হিজর ১৫:৯

ষষ্ঠ অধ্যায়

আত্তাকদীর

১. ঈমানের স্তম্ভগুলোর অন্যতম একটি স্তম্ভ তাকদীরের ভাল-মন্দ আল্লাহর হাতে এ ঈমান পোষণ করা। এর সাথে সম্পৃক্ত অন্যান্য বিষয়গুলো হচ্ছে, তাকদীর সম্পর্কিত কুরআন সুন্নাহয় যা এসেছে সে সব যাবতীয় কথায় ঈমান আনতে হবে, (সেগুলো হলো: আল্লাহ্‌র জ্ঞান, লিখন, ইচ্ছা, সৃষ্টি) এবং ঈমান রাখতে হবে যে, আল্লাহর সিদ্ধান্তকে পরিবর্তন করার মত কোন শক্তি নেই এবং তার বিধানকে রদ করার কোন অধিকার কারও নেই।[৫০]

২. কুরআন সুন্নাহয় বর্ণিত ইরাদা বা ইচ্ছা ও আদেশ দুই প্রকার:

(ক) পূর্বাহ্নেই স্থিরিকৃত আল্লাহর সৃষ্টিগত ইরাদা বা ইচ্ছা। (মাশীয়াহ বা চরম ইচ্ছা অর্থে) যে নির্দেশ তার স্থিরিকৃত ও সৃষ্টিগত এবং তাকদীরের নির্ধারণ অনুযায়ী।

(খ) আল্লাহর শরী'আত সম্মত ইরাদা বা ইচ্ছা। (যে নির্দেশের সাথে আল্লাহ্‌র সন্তুষ্টি অপরিহার্য) যে নির্দেশটি তিনি শরী'আত হিসেবে প্রদান করেন। আল্লাহর সৃষ্টি জীবদেরও ইচ্ছা এবং চাওয়া রয়েছে, তবে সে সমস্ত ইরাদা বা ইচ্ছা আল্লাহর ইরাদা বা ইচ্ছার অনুগত।

৩. কোন ব্যক্তিকে হেদায়াত দান করা বা পথভ্রষ্ট করার ক্ষমতা আল্লাহর হাতে। তাদের মধ্যে যাকে তিনি হেদায়াত দান করেছেন, তা তার একান্ত অনুগ্রহেই দান করেছেন। আর যার উপর পথভ্রষ্টতা অবধারিত হয়েছে তাও তার প্রতি আল্লাহর ন্যায় বিচার।[৫১]

---

৫০. সূরা আদ দাহর ৭৬:৩০, সূরা আত তাকভীর ৮১ঃ২৯

৫১. সূরা আল আনআম ৬ :১২৫, সূরা আল ক্বাসাস ২৮:৫৬, সূরা আল আনআম ৬:৩৯

৪. সৃষ্ট জীব ও তাদের কর্ম আল্লাহর সৃষ্টি, অন্য কেহই এটির স্রষ্টা নন। সুতরাং আল্লাহ্ই বান্দার কর্মকাণ্ডের স্রষ্টা। আর সৃষ্টিজগতও প্রকৃত অর্থেই সেগুলো কার্যে পরিণত করে থাকে।[৫২]

৫. আল্লাহর সকল কাজের পেছনে যে হেকমত নিহিত আছে এটিকে সাব্যস্ত করতে হবে। আরও সাব্যস্ত করতে হবে যে, সমস্ত উপায় উপাদানের প্রভাব আল্লাহর ইচ্ছার উপর নির্ভরশীল।

৬. মানব সৃষ্টির পূর্বেই আল্লাহ মানুষের হায়াতের সময় [৫৩] নির্ধারণ করেছেন, রিযিক বন্টন করেছেন। আর সৌভাগ্য ও দুর্ভাগ্য এ দু'টিও তিনি লিপিবদ্ধ করে দিয়েছেন।

৭. বিপদ ও কষ্টের বিষয়ে তাকদীরের যুক্তি দেখানো যেতে পারে। কিন্তু পাপ কাজের বিষয়ে তাকদীরের যুক্তি দেখানো ঠিক নয়। কেউ এমনটি করলে তাকে তাওবা করতে হবে এবং এজন্য তাকে তিরস্কার করা হবে।

৮. দুনিয়াতে চলার জন্য যে সমস্ত উপায় উপাদানের প্রয়োজন এ সবের উপর নির্ভর করার অর্থ হলো, আল্লাহর সাথে শির্ক করা। অপরদিকে দুনিয়ার আসবাব বা উপায় উপাদান হতে সম্পূর্ণভাবে বিমুখ হওয়ার অর্থ হলো, ইসলামী শরীআতকে কলঙ্কিত করা। বস্তু ও উপায় উপাদানের প্রভাবকে অস্বীকার করা শরীআত ও বুদ্ধি-বিবেক পরিপন্থি। আর আল্লাহর উপর ভরসার অর্থ এই নয় যে, কোন প্রকার উপায় উপাদান অবলম্বন করা যাবে না।

---

৫২. সূরা যুমার ৩৯:৬২, সূরা হিজর ১৫:৪২।
৫৩. সূরা নাহল ১৬:৬১, সূরা আল ইমরান ৩ :১৪৫

সপ্তম অধ্যায়

আল জামা'আত ও আল ইমামত
(সংঘবদ্ধ জীবন ও নেতৃত্ব)

১. এখানে জামা 'আত বলতে সাহাবায়ে কেরাম, তাবেয়ীন এবং কিয়ামত পর্যন্ত তাদের অনুসারীদের বুঝান হয়েছে। আর এ জামা 'আতই হলো পরিত্রাণপ্রাপ্ত জামা'আত। যে ব্যক্তি তাদের পদাঙ্ক অনুসরণ করবে, সে ব্যক্তিও ঐ জামা'আতের অন্তর্ভুক্ত, যদিও কোন ছোট-খাট বিষয়ে ভুল-ত্রুটি করে।

২. দ্বীনের মধ্যে বিভেদ বা দলাদলি ও মুসলিমদের মধ্যে ফিতনা সৃষ্টি করা জায়েয নয়। কোন বিষয়ে মতানৈক্য দেখা দিলে কুরআন, সুন্নাহ ও আমাদের সালাফে সালেহীন তথা সঠিক পথের পূর্বসূরীদের মতের দিকে প্রত্যাবর্তন করা কর্তব্য।[৫৪]

৩. জামা'আত থেকে বেরিয়ে যাওয়া ব্যক্তিকে সৎ পরামর্শ দেয়া এবং এর প্রতি আহবান করা উচিৎ। এছাড়া তার সাথে সুন্দর পন্থায় বুঝাপড়া করা এবং কুরআন হাদীসের দলিল প্রমাণ পেশ করার মাধ্যমে তা প্রমাণ/প্রতিষ্ঠিত করে দায়িত্বমুক্ত হওয়া কর্তব্য। এরপর তাওবা করে ফিরে আসলে তো ভালোই নচেৎ শরী'আতের বিধানে যে শাস্তি ভোগ করা দরকার তাই করবে।

৪. কুরআন, হাদীস ও সুস্পষ্ট ইজমার ভিত্তিতে সাব্যস্ত বিষয়াদিতেই কেবল মানুষদের চলতে বাধ্য করতে হবে। এছাড়া সাধারণ মানুষকে তা ত্ত্বিক ও সূক্ষ্ম বিষয়াদি দ্বারা পরীক্ষায় নিপতিত করা অবৈধ।

৫. সকল মুসলিমের ব্যাপারে মূল কথা হচ্ছে যে, তারা সঠিক উদ্দেশ্য ও বিশ্বাসে রয়েছেন। যতক্ষণ না তাদের থেকে এর বিপরীত কোন কাজ

---

৫৪. সূরা আল ইমরান ৩:১০৩, সূরা নিসা ৪:৫৯

পরিলক্ষিত হয়। অনুরূপভাবে সকল সাধারণ মানুষের কথার ব্যাপারে মূল কথা হচ্ছে, তাদের কথাকে উত্তম অর্থে গ্রহণ করা। কিন্তু ইসলাম সম্পর্কে যার অবাধ্যতা ও অসৎ উদ্দেশ্য প্রকাশিত হয়ে যাবে, তা ধামা-চাপা দেয়ার জন্য অপব্যাখ্যার আশ্রয় গ্রহণ করা যাবে না।

৬. কিবলার অনুসারী, কিন্তু কুরআন-সুন্নাহর পরিপন্থী সকল ফির্কা বা দলই ধ্বংস ও জাহান্নামের শাস্তির হুমকিপ্রাপ্ত। তাদের ও অন্যান্য শাস্তির সংবাদপ্রাপ্তদের হুকুম একই। তবে কোন ব্যক্তি যদি বাহ্যিকভাবে মুসলিম কিন্তু ভেতরগতভাবে কুফরী করে তাহলে তার হুকুম ভিন্ন। আর ইসলাম থেকে বেরিয়ে যাওয়া সকল ফির্কা সার্বিকভাবে কাফের, তাদের ও ধর্ম-ত্যাগী মুরতাদদের বিধান একই।

৭. জুম'আর সলাত এবং জামা'আতের সাথে সলাত আদায় ইসলামের প্রকাশ্য বড় নিদর্শনের অন্তর্ভুক্ত। কোন মুসলিমের ব্যক্তিগত অবস্থা না জেনে তার পেছনে সলাত পড়লে তা শুদ্ধ হবে। আর কারো ব্যক্তিগত অবস্থা না জানার দোহাই দিয়ে তার পেছনে সলাত পড়া থেকে বিরত থাকা বিদআত।

৮. কোন ব্যক্তির বিদআত বা অপকর্ম প্রকাশ হয়ে পড়লে, এমতাবস্থায় অন্য কারো পেছনে সলাত আদায় করার সুযোগ থাকলে ঐ ব্যক্তির পেছনে সলাত আদায় করা অনুচিত, তবে যদি সলাত পড়ে ফেলা হয় তাহলে সলাত হয়ে যাবে, কিন্তু মুক্তাদী এ কারণে গুণাহগার হবে। তবে যদি বড় ধরনের কোন ফিতনা ঠেকাবার উদ্দেশ্যে এ কাজ করে, সেটা ভিন্ন কথা। আর যদি অন্য ইমামও এ বিদ'আতী ইমামের অনুরূপ হয় অথবা তার চাইতে আরো খারাপ হয়, তবে ঐ ইমামের পেছনে সলাত আদায় করা জায়েয হবে। আর এ অজুহাতে জামা'আত ত্যাগ করা যাবে না। কিন্তু কোন ব্যক্তির উপর কুফরীর হুকুম দেয়া হলে কোন অবস্থাতেই তার পেছনে সলাত আদায় করা যাবে না।

৯. রাষ্ট্র প্রধানের দায়িত্ব নির্ধারণ করা হবে উম্মতের ঐক্যের ভিত্তিতে অথবা দেশের ভাঙ্গা-গড়ার ক্ষমতা রাখেন এমন গ্রহণযোগ্য (প্রধান প্রধান

আলিম ও সামাজিকভাবে গ্রহণযোগ্য দায়িত্ববান) ব্যক্তিদের বাই'আত গ্রহণ করার মাধ্যমে। যদি কেউ জোর করে ক্ষমতা দখল করে, এরপর জনগণ যদি তার শাসন মেনে নেয় তাহলে সৎভাবে তার আনুগত্য করা, তাকে সৎ উপদেশ দেয়া সকলের উপর ওয়াজিব এবং তার বিরুদ্ধে বিদ্রোহ করা হারাম। একমাত্র তখনই তার বিরুদ্ধে বিদ্রোহ করা যাবে যখন তার থেকে সুস্পষ্ট কোন কুফরী পরিলক্ষিত হবে; যে কুফরীর ব্যাপারে প্রমাণ রয়েছে।

১০. মুসলিমদের রাষ্ট্রীয় দায়িত্বে নিয়োজিত ব্যক্তিরা অন্যায়মূলক কোন আচরণ করলেও তাদের পেছনে সলাত আদায় করা বা তাদের সাথে হজ্জ করা এবং তাদের নেতৃত্বে জিহাদ করা কর্তব্য।[৫৫]

১১. পার্থিব বিষয়াদি নিয়ে মুসলিমদের পরস্পরের মধ্যে যুদ্ধ করা হারাম। মূর্খতামূলক জেদা-জেদি করে একে অন্যের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হওয়া কবীরা গুনাহের অন্তর্ভুক্ত। [৫৬] শুধুমাত্র বিদআতী, সীমালঙ্ঘনকারী এবং এদের মত অন্যান্যদের সাথে যুদ্ধ করা জায়েয। যদি যুদ্ধ ছাড়া এর থেকে স্বল্প কিছু দিয়ে তাদের নিয়ন্ত্রণ করা সম্ভব না হয়। আবার কখনও কখনও অবস্থা ও স্বার্থ পর্যালোচনা করার পর এদের বিরুদ্ধে যুদ্ধ করা কর্তব্যও হয়ে যাবে।

১২. সাহাবায়ে কেরামগণ প্রত্যেকেই ন্যায়পরায়ণ এবং মুসলিম উম্মার সবচেয়ে শ্রেষ্ঠ ব্যক্তিবর্গ। সাহাবায়ে কেরামদের ঈমান ও ফযিলতের স্বাক্ষ্য দেয়া একটি অকাট্য মূলনীতি ও দ্বীনের অত্যাবশ্যকীয় কাজ। আর তাদেরকে মহব্বত করা দ্বীন ও ঈমানের দাবী। তাদের সাথে দুশমনি করা কুফরী ও মুনাফেকী। তাদের মাঝে যে সমস্ত বিষয় নিয়ে মতবিরোধ বা বিবাদ হয়েছে তা নিয়ে বাক-বিতণ্ডায় লিপ্ত হওয়া উচিত নয়। তাদের সম্মানের ক্ষতিকর বিষয় আলোচনা পরিত্যাগ করা বাঞ্চনীয়। তাদের মধ্যে সবচেয়ে উত্তম যথাক্রমে[৫৭]

---

৫৫. সহীহ মুসলিম ১৮৩৫, ১৯৩৬, ১৮৫৪, ১৮৫৫ ।
৫৬. সহীহ মুসলিম ৬৪ ।
৫৭. সহীহ বুখারী ৩৬৫৫ ।

আবু বকর, ওমর, ওসমান, আলী এবং এ চার জনকেই বলা হয় খোলাফায়ে রাশেদা। ক্রমানুসারে তাদের খেলাফত প্রতিষ্ঠিত হয়েছে।

১৩. প্রত্যেক মুসলিমের নিকট দ্বীনের অন্যতম আরো একটি দাবী রসূল ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর পরিবার পরিজনকে ভালোবাসা। তাদেরকে আপন মনে করা এবং তাদের স্ত্রীদের সম্মান ও তাদের মর্যাদা অনুধাবন করা। দ্বীনের আরো দাবী সমস্ত সাহাবা, তাবেয়ীন ও রসূলের সুন্নাতের অনুসারী সকল আলিমদের ভালোবাসা[৫৮] এবং বিদআতী ও কুপ্রবৃত্তির অনুসারী ব্যক্তিদের সঙ্গ ত্যাগ করা।

১৪. আল্লাহর পথে জিহাদ করা ইসলামের সর্বোচ্চ শৃঙ্গ। আর কিয়ামত পর্যন্ত আল্লাহর পথে জিহাদ চলতেই থাকবে।[৫৯]

১৫. সৎকাজের আদেশ ও অসৎকাজের নিষেধ [৬০] ইসলামের অন্যতম একটি নিদর্শন এবং ইসলামী জামা'আতকে টিকিয়ে রাখার এটি একটি উত্তম হাতিয়ার। সমর্থ অনুযায়ী এ কাজ করা সকল মুসলিমের উপর কর্তব্য এবং স্বার্থ ও অবস্থার আলোকে এ দায়িত্বকে পর্যবেক্ষণ করতে হবে।

---

৫৮. সহীহ বুখারী ৩৬৫০-৩৬৫১, ৩৭১৩, ৩৭৫১; মুসলিম ২৫৪০-২৫৪১।

৫৯. আমার উম্মতের একদল লোক কিয়ামত পর্যন্ত সত্য দ্বীনের সংরক্ষণের জন্য যুদ্ধ করতে থাকবে এবং তারা বিজয়ী থাকবে (لَا تَزَالُ طَائِفَةٌ مِنْ أُمَّتِي يُقَاتِلُونَ عَلَى الْحَقِّ ظَاهِرِينَ إِلَى يَوْمِ الْقِيَامَةِ)। *সহীহ মুসলিম ১৯২৩।*

৬০. আর যেন তোমাদের মধ্য থেকে এমন একটি দল হয়, যারা কল্যাণের প্রতি আহ্বান করবে, ভাল কাজের আদেশ দেবে এবং মন্দ কাজ হতে নিষেধ করবে। আর তারাই সফলকাম (وَلْتَكُنْ مِنْكُمْ أُمَّةٌ يَدْعُونَ إِلَى الْخَيْرِ وَيَأْمُرُونَ بِالْمَعْرُوفِ وَيَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ وَأُولَئِكَ هُمُ الْمُفْلِحُونَ)। *(সূরা আল ইমরান ৩:১০৪)*

আহলুস সুন্নাহ ওয়াল জামা'আতের প্রধান প্রধান বৈশিষ্ট্য ও উহার পরিচয়

আহলুস সুন্নাহ ওয়াল জামাআতকে পরিত্রাণ প্রাপ্ত ও সাহায্য প্রাপ্ত দলও বলা হয়। এ জামা'আতের লোকদের পরস্পরের মধ্যে কিছুটা পার্থক্য থাকলেও সামগ্রিকভাবে তাদের কিছু নিদর্শন আছে যা দিয়ে তাদেরকে চিহ্নিত করা যায়। নিম্নে তা বর্ণিত হলো:

১. আল্লাহ্‌র কিতাবের ব্যাপারে গুরুত্ব প্রদান:[৬১] তারা কুরআন তিলাওয়াত, অধ্যায়ন ও গবেষণার মধ্যদিয়ে আল্লাহ্‌র কিতাবের গুরুত্ব দিয়ে থাকেন। এমনিভাবে রসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর হাদীসকে জেনে-বুঝে এবং সহীহ হাদীসকে দুর্বল হাদীস হতে চিহ্নিত করে হাদীসের প্রতি গুরুত্ব দিয়ে থাকেন। (এর কারণ হলো, কুরআন ও সুন্নাহই তাদের জ্ঞানের মূল উৎস) এছাড়া তারা জ্ঞান অর্জন করে তা আমলে পরিণত করেন।

২. পরিপূর্ণভাবে দ্বীনের মধ্যে প্রবেশ করা :[৬২] পুরো কুরআনের উপর বিশ্বাস করা। সুতরাং তারা কুরআনে আলোচিত ভাল ওয়াদা সম্পর্কিত আয়াতসমূহ এবং শাস্তির হুমকি সংক্রান্ত আয়াতসমূহের উপর ঈমান আনেন। যেমনিভাবে তারা আল্লাহর গুণাগুণ সাব্যস্ত আয়াতসমূহে ঈমান ও যে সমস্ত গুণাগুণ থেকে আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা পবিত্র সেগুলো যেসব আয়াতে বর্ণিত হয়েছে তাতেও ঈমান রাখেন। আর তারা সমন্বয় সাধন করেন আল্লাহর পক্ষ থেকে নির্ধারিত তাকদীরে ঈমান আনয়নের পাশাপাশি বান্দার জন্য ইচ্ছা, চাওয়া ও কার্যক্ষমতা সাব্যস্ত করেন। অনুরূপভাবে তারা সমন্বয় বজায় রাখেন ইলম ও ইবাদাতের মধ্যে, শক্তি ও রহমতের মধ্যে, উপায় অবলম্বন করে কাজ করা ও পরহেযগারী করে দুনিয়াবিমুখতার মধ্যে।

---

৬১. সহীহ বুখারী ৭২৭৭; সহীহঃ ইবনে মাজাহ ২১১, ২২৬, ২২৭, ২৩০।
৬২. সূরা বাকারা ২:২০৮।

৩. **অনুসরণ করা ও বিদ'আত পরিত্যাগ করা:** [৬৩] তারা কুরআন সুন্নাহর অনুসরণ করেন, বিদ 'আতকে পরিহার করেন, সংঘবদ্ধ জীবন যাপন করেন এবং দ্বীনের মধ্যে বিভেদ ও বিচ্ছিন্নতা সৃষ্টিকারী সকল পথ বর্জন করেন।

৪. **হেদায়াতের ন্যায়পরায়ণ ইমামদের অনুকরণ, অনুসরণ:** তারা হেদায়াত পাওয়ার জন্য সাহাবা এবং যারা তাদের পদাঙ্ক অনুসরণ করেছেন, যারা ছিলেন ইলম, আমল ও দাওয়াতের ক্ষেত্রে অনুকরণীয় ও অনুসরণীয় ব্যক্তিত্ব এমন হেদায়েতের ধারক ও বাহক ইমামদের পথ অনুসরণ করেন এবং যারা উক্ত ইমামদের বিরোধিতা করে তাদেরকে পরিহার করেন।

৫. **তারা মধ্যপন্থা অবলম্বনকারী :**[৬৪] আকীদা সংক্রান্ত বিষয়ে না তারা অতিরঞ্জিতকারীদের মত, না এ বিষয়কে তুচ্ছ ও অবজ্ঞা পোষণকারীদের মত। এভাবে সমস্ত কাজকর্ম এবং আচার ব্যবহারে তারা বাড়াবাড়ি ও কমতি এ দুয়ের মধ্যপন্থা অবলম্বনকারী।

৬. **সব সময় তারা মুসলিমদের সত্য পথে একত্রিত করতে সচেষ্ট থাকেন:**[৬৫] আর তারা [আল্লাহ্‌র] তাওহীদ ও [রসূলের] অনুসরণের উপর মুসলিমদের সকল কাতার একত্রিত করার জন্য এবং তাদের মাঝে অনৈক্যসৃষ্টিকারী সকল কিছুকে দূরীভূত করার জন্য সচেষ্ট থাকেন। কাজেই দ্বীনের মৌলিক বিষয়গুলিতে মুসলিম উম্মার মধ্যে তাদের বৈশিষ্ট্য শুধু সুন্নাত ও সংঘবদ্ধ জীবন যাপনের মাধ্যমে। আর তারা শুধুমাত্র ইসলাম ও সুন্নাতের ভিত্তিতেই শত্রুতা বা বন্ধুত্ব করেন।

৭. **তাদের আরো বৈশিষ্ট্য হলো-তারা আল্লাহর পথে মানুষকে আহবান করেন, সৎ কাজের আদেশ দেন ও অসৎ কাজের নিষেধ করেন।** তারা আল্লাহর পথে প্রয়োজনে জিহাদ করেন। দ্বীনকে পুনরুজ্জীবিত করার জন্য

---

৬৩. সহীহ বুখারী ৭২৭৭।
৬৪. সূরা বাকারা ২:১৪৩, সূরা মায়িদা ৫:৭৭, ৮৭। সহীহ মুসলিম ১৪০১।
৬৫. সূরা আল ইমরান ৩:১০৩

রসূলের সুন্নাতকে জীবিত করেন, বিদ'আতকে দূর করেন। আর তারা ক্ষুদ্র থেকে বৃহৎ সকল পর্যায়ে আল্লাহর বিধান প্রতিষ্ঠার চেষ্টা করেন।

৮. ইনসাফ প্রতিষ্ঠা করা: তারা ব্যক্তিস্বার্থ ও গোষ্ঠিস্বার্থের চাইতে আল্লাহর অধিকারকে বেশী গুরুত্ব দিয়ে থাকেন। তারা না কারো ভালোবাসায় অতিরঞ্জিত করেন, আর না কারো দুশমনিতে সীমালঙ্গন করত ঃ তাদের সাথে অশুভ আচরণ করেন, আর না কোন মহৎ ব্যক্তির মহত্বকে অস্বীকার করেন।

৯. জ্ঞান আহরণের মূল উৎস কুরআন সুন্নাহ [৬৬] হওয়ার কারণে তাদের চিন্তা-চেতনা এবং প্রত্যেক অবস্থানের মধ্যে সামঞ্জস্যতা থাকে, যদিও তাদের যুগ বা ভূখণ্ড ভিন্ন হউক।

১০. সকল মানুষের সাথে অনুগ্রহ, দয়া এবং উত্তম আচরণ করা তাদের অন্যতম বৈশিষ্ট্য।[৬৭]

১১. আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা, **তার কিতাব-আলকুরআন, রসূলুল্লাহ** ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, **মুসলিমদের নেতাগণ এবং সাধারণ মুসলিমদের জন্য নসীহত**[৬৮] **করাও তাদের অন্যতম একটি বৈশিষ্ট্য।**

১২. মুসলিমদের সমস্যাদির গুরুত্ব দেয়া, তাদেরকে সাহায্য করা, তাদের অধিকার সংরক্ষণ করা এবং তাদেরকে কষ্ট দেয়া হতে বিরত থাকাও তাদের অন্যতম বৈশিষ্ট্য।[৬৯]

---

৬৬. সহীহ বুখারী ৭২৭৭, ৩৪৬১; সহীহ: ইবনে মাজাহ ২১১, ২২৬, ২২৭, ২৩০।

৬৭. সূরা আন নাহল ১৬:৯০, সহীহ: তিরমিযী ১৯২০, ১৯২২, ২০০২।

৬৮. আল্লাহর জন্য নসীহতের অর্থ হলো-তার জন্য শির্কমুক্ত ইবাদাত করা, তার নাম ও গুণবাচক নাম সমূহের উপর বিশ্বাস রাখা। কুরআনের জন্য নসীহতের অর্থ কুরআনের পথ ধরে চলা। রসূলের জন্য নসীহতের অর্থ-তার রিসালাতকে স্বীকার করে নিয়ে তার দেয়া সুন্নাত অনুযায়ী জীবন গঠন করা। সহীহ মুসলিম ৫৫।

৬৯. সহীহ মুসলিম ২৬৯৯, (ইসলামিক ফা. ৬৬০৮, ইসলামিক সেন্টার ৬৬৬১), ২৫৫৯, ২৫৬৩, ২৫৬৪, ২৫৮০।